ওয়েবে বাংলাদেশের পোশাক

গার্মেন্টস শিল্প গত এক দশকেরও বেশি সময় ধরে এ দেশের সবচেয়ে লাভজনক খাত হিসেবে পরিচিত। আর নতুন দেশী আইটি ইন্ডাস্ট্রিকে বলা হয়ে থাকে অসীম সম্ভাবনাময়। কিন্তু বাংলাদেশী এই দুটি গুরুত্বপূর্ণ সেক্টরের প্রায়োগিক দিক থেকে একসঙ্গে কাজ করার উদাহরণ তৈরি হলো অতি সম্প্রতি। বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) অল্প কিছুদিন আগে USA ভিত্তিক নন-রেসিডেন্ট বাংলাদেশীদের প্রতিষ্ঠান ই-ভাস্ত্রা এবং দেশী কোম্পানি ডাটা সফটের সহযোগিতায় ওয়েবে ছেড়েছে দেশের প্রথম বিজনেস টু বিজনেস পোর্টাল বাংলাদেশ গার্মেন্টস ডট ইনফো (www.bangladeshgarments.info). নির্মাতাদের মতে, বিশ্বব্যাপী পোশাক শিল্পের ক্রেতাদের আকৃষ্ট করার জন্য এই ওয়েব পোর্টাল কাজ করবে একটি ভার্চুয়াল মার্কেট প্লেস হিসেবে। সব বিজিএমইএ সদস্য প্রতিষ্ঠান সমানভাবে ওয়েব সাইটটিকে তাদের ব্যবসার প্রবৃদ্ধিতে কাজে লাগাতে পারবেন। বাংলাদেশ গার্মেন্টস ডট ইনফোতে স্যাম্পলের ছবিসহ প্রেডাক্ট পোর্টফোলিও, স্বতন্ত্র ফ্যাক্টরি ওয়েব সাইট এবং পোর্টফোলিও, ভার্চুয়াল ফ্যাক্টরি ট্যুর, সিকিউরড অ্যাক্সেস ইত্যাদি বেশকিছু অত্যাধুনিক নেট ফিচার। এছাড়া অ্যাপারেল এক্সচেঞ্জ,

স্টক লোড এক্সচেঞ্জ, ফেব্রিক-ইয়ার্ন-ট্রিম-গ্রে ফেব্রিক এক্সচেঞ্জ প্রভৃতি সব কাজই এই পোর্টালটির মাধ্যমে সম্পন্ন করা সম্ভব। বিশেষজ্ঞদের মতে বাংলাদেশ গার্মেন্টস ডট ইনফো ব্যবহার করে দেশী-বিদেশী ক্রেতারা খুব কম সময়ে দেশের সব পোশাক রপ্তানিকারকের সম্পর্কে বিস্তারিত তথ্য জানতে সক্ষম হবেন—যা সামগ্রিকভাবে ব্যবসায়িক পরিবেশের জন্য ভালো। এতে কোয়ালিটি অব সার্ভিসও উন্নত হবে। এছাড়া চরম প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব পোশাক বাজারে প্রতিদ্বন্দ্বী দেশ/কোম্পানিগুলোর থেকে এগিয়ে থাকা বা সমান তালে চলতে এই ওয়েবভিত্তিক বাণিজ্য কেন্দ্র বাংলাদেশকে অনেক সাহায্য করবে বলে সবাই মনে করছেন।

ফাহিম হুসাইন

আইসিটি নিউজ

মিরপুরকে নিয়ে ওয়েবসাইট : ourmirpur.com

মিরপুরের কিছু উদ্যমী তরুণ ঢাকার মিরপুরকে কেন্দ্র করে তৈরি করেছে ourmirpur.com নামের একটি চমৎকার ওয়েবসাইট। সাইটটিতে মিরপুরের বিখ্যাত বেনারসী পল্লীকে বিশ্বের দরবারে তুলে ধরে বেনারসী পল্লীকে দিয়েছে নতুন মাত্রা। আবার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের ওপরও রয়েছে একটি সচিত্র প্রতিবেদন। ওয়েবসাইটটিতে মিরপুর এলাকার ইতিহাস, ঐতিহ্য, শিক্ষা ইত্যাদি প্রতিফলিত হয়েছে।

ডেফোডিল কম্পিউটার্সের সিসকো সিস্টেমের রিসেলারশিপ অর্জন

ডেফোডিল কম্পিউটার্স লিমিটেডকে সম্প্রতি সিসকো সিস্টেমস অনুমোদিত রিসেলার নিয়োগ করা হয়েছে। এ লক্ষ্যে উভয় প্রতিষ্ঠানের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির শর্তানুযায়ী ডেফোডিল কম্পিউটার্স সিসকোর সব ধরনের নেটওয়ার্ক সামগ্রী বাংলাদেশে বাজারজাত করবে।

টেক্সট মেসেজের কেরামতি

মালয়েশিয়ার একজন বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব সম্প্রতি মোবাইল

ফোনের টেক্সট মেসেজ ব্যবহার করে অপহরণকারীদের কবল থেকে চমকপ্রদভাবে রক্ষা পেয়েছেন। স্টার নিউজে প্রকাশ যে, কুয়ালালামপুরের জনপ্রিয় সেন্ট্রাল মার্কেটের সামনে দু'জন সন্ত্রাসী তাকে অপহরণ করে একটি বদ্ধ রুমে আটকে রাখে। এমতাবস্থায় তিনি মোবাইল ফোনে সাহায্য চেয়ে তার কলিগকে একটি মেসেজ পাঠালে পরে পুলিশ এসে তাকে উদ্ধার করে। উল্লেখ্য, মোবাইলে টেক্সট মেসেজ আদান-প্রদান মালয়েশিয়ায় বর্তমানে একটি জনপ্রিয় যোগাযোগ মাধ্যম এবং প্রতি মাসে এখানে প্রায় পাঁচশত মিলিয়ন মেসেজ আদান-প্রদান করা হয়।

নিউরালে ইন্টার্নি সুবিধা

নিউরাল ইনস্টিটিউট কম্পিউটার স্টাডিজে ডিপ্লোমা, অ্যাডভান্সড ডিপ্লোমা ডিগ্রি অর্পণকারীদেরকে প্রতিষ্ঠানটির সফটওয়্যার খাতে ইন্টার্নি করার সুবিধা দিচ্ছে। এই সুবিধা অন্য যে কোনো এনসিসি (ইউকে) ভিত্তিক প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের জন্য প্রযোজ্য। আগ্রহীরা নিচের ঠিকানায় যোগাযোগ করুন– **নিউরাল সিস্টেমস্ লিঃ**, ৮/১, আওরঙ্গজেব রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৯, ফোন : ৮১২৮৫১৫

হিটাচির ৫০ ইঞ্চি মনিটর

হিটাচি সম্প্রতি ৫০ ইঞ্চি প্লাজমা ডিসপ্লে মনিটর বাজারে ছেড়েছে। বিশাল সাইজের এই মনিটর কনফারেন্স, শো-রুম, রেস্টুরেন্ট, মেনু-বোর্ড কিংবা খেলা দেখানোর কাজে ব্যবহার করা যাবে। ৫৮ পাউন্ড ওজনের এই মনিটরটি ৪ ইঞ্চি চওড়া। ব্যবহারকারীরা ইচ্ছে করলে এতে অতিরিক্ত ভিডিও কার্ড যুক্ত করে এর ভিডিও ক্যাপাবিলিটি বাড়াতে পারবেন।

আইবিসিএস প্রাইমেক্সের স্কলারশিপ

কম্পিউটার সায়েন্সে দক্ষ মানবসম্পদ গড়ার লক্ষ্যে আইবিসিএস প্রাইমেক্স উচ্চ শিক্ষার্থে মেধাবী ছাত্রছাত্রীদের জন্য বিশেষ স্কলারশিপের ব্যবস্থা করেছে। উল্লেখ্য, ১৯৯২ সাল থেকে আইবিসিএস প্রাইমেক্স বাংলাদেশে প্রথম আইটি ইনস্টিটিউট হিসেবে এনসিসি কোর্স পরিচালনা করে আসছে। স্কলারশিপ প্রোগ্রামে আবেদনের জন্য আগ্রহীরা নিচের ঠিকানায় যোগাযোগ করতে পারেন। বাড়ি-৪৪, রাস্তা-১৩/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫

নিউইয়র্কে হ্যাকারদের সম্মেলন

গত ১৩ জুলাই নিউইয়র্ক শহরের উপকণ্ঠে তিন দিনব্যাপী H2K2 নামে একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে

পৃথিবীর বিভিন্ন দেশ থেকে প্রায় ২০০০ হ্যাকার সমবেত হয়। অনুষ্ঠানে হ্যাকাররা তাদের নিজস্ব কর্মকাণ্ড প্রদর্শনের পাশাপাশি বিভিন্ন সমস্যা নিয়েও আলোচনা করে। উল্লেখ্য, উন্নত বিশ্বের তরুণ-তরুণীদের মাঝে হ্যাকিং এখন রীতিমতো একটি ক্রেজ। হলিউডের নিত্য নতুন সিনেমার বদৌলতে হ্যাকাররা সমাজে হিরোর সম্মান পাচ্ছে। সম্মেলন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন এই ওয়েবসাইটে- www.h2k2.org.

এক বিলিয়ন কম্পিউটার বিক্রি

বাজার গবেষণা প্রতিষ্ঠান ডাটা কোয়েস্ট সম্প্রতি জানিয়েছে, সারা বিশ্বে পিসি বিক্রি হয়েছে এক বিলিয়ন। ডাটা কোয়েস্ট পরিবেশিত এই তথ্য অনুযায়ী বিশ্বব্যাপী কম্পিউটার ব্যবহারে উন্নত বিশ্বের দেশগুলো সবচেয়ে এগিয়ে আছে। যুক্তরাজ্যে বর্তমানে ৪০% বাড়িতে কম্পিউটার রয়েছে। তবে অদূর ভবিষ্যতে চীন, ল্যাটিন আমেরিকা, পূর্ব ইউরোপ এবং ভারতে পিসির চাহিদা ব্যাপক হারে বেড়ে যাবে বলে বিশেষজ্ঞরা মনে করছেন। প্রতিষ্ঠানটির মতে, আগামী ২০০৮ সাল নাগাদ বিশ্বব্যাপী পিসি বিক্রির সংখ্যা দাঁড়াবে প্রায় ২ বিলিয়ন।

মাইক্রোসফটের নতুন মিডিয়া প্লেয়ার

সফটওয়্যার জায়ান্ট মাইক্রোসফট চলতি বছরের সেপ্টেম্বরের মধ্যে উইন্ডোজ মিডিয়া প্লেয়ার ৯ সিরিজ বাজারে ছাড়বে বলে ঘোষণা দিয়েছে। এর ফলে ইন্টারনেটে হাই ডেফিনেশন টেলিভিশন গ্রেড পিকচার কোয়ালিটি ভিডিও এবং থিয়েটার সারাউন্ড সাউন্ড অডিও উপভোগ করা যাবে। মাইক্রোসফট উইন্ডোজ ব্যবহারকারীরা নির্দিষ্ট ওয়েবসাইট থেকে এটি ফ্রি ডাউনলোড করে নিতে পারবেন। অনলাইন ডিজিটাল সফটওয়্যার রিয়েল প্লেয়ার প্রস্তুতকারী রিয়েল নেটওয়ার্ক কর্পো-এর বিশাল জনপ্রিয়তার কারণে গত বছর এ খাতে মাইক্রোসফটের ৮.৬% শেয়ার কমে যায়। তাই আশা করা যাচ্ছে, মিডিয়া প্লেয়ার ৯ সিরিজ বাজারে ছেড়ে মাইক্রোসফট রিয়েল প্লেয়ারকে এ বছর একটি মোক্ষম জবাব দেবে।

জাহাঙ্গীর আলম জুয়েল